

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
চিলমারী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৪৭.৬১.৪৯০৯.০০০.৩২.০০৪.১১- ১৬২(৩২)

তারিখঃ ১২ আষাঢ়, ১৪৩০
২৬ জুন, ২০২৩

বিষয় : সমবায় সমিতির ২০২২-২০২৩ খ্রিঃ সনের হিসাব বিবরণী দাখিল প্রসঙ্গে।

সূত্র : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রক্ষিপ্তে জানানো যাচ্ছে যে, প্রতি বছর জুলাই মাস হতে সমবায় সমিতির বিধিবদ্ধ নিরীক্ষা কার্যক্রম শুরু হয়। সে লক্ষ্যে নিরীক্ষা কর্মকর্তাগণের নামে নিরীক্ষা সম্পাদনের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। নিরীক্ষা কর্মকর্তাগণের নিরীক্ষা কার্য নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদন এবং এতদসংশ্লিষ্ট অন্যান্য প্রতিবেদন (রিটার্ন) প্রস্তুতের জন্য সমবায় সমিতির হিসাব/ আর্থিক বিবরণী প্রয়োজন।

এ অবস্থায় সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধনী, ২০২০) এর ১০৬ বিধি মোতাবেক আপনার সমবায় সমিতি ২০২২-২০২৩ সনের নিম্নবর্ণিত হিসাব/আর্থিক বিবরণী আগামী ১৭/০৭/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

হিসাব বিবরণী/রেকর্ড পত্রাদি :

- ০১। ২০২২-২০২৩ খ্রিঃ সনের নগদ প্রবাহ বিবরণী/জমা-খরচ হিসাব এবং রেওয়ামিল।
- ০২। ২০২২-২০২৩ খ্রিঃ সনের লাভ-ক্ষতি হিসাব।
- ০৩। ২০২২-২০২৩ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্র।
- ০৪। ২০২২-২০২৩ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত সমিতির সকল দেনা ও পাওনার স্বপক্ষে হালনাগাদ বিস্তারিত তালিকা (শেয়ার, সঞ্চয় ও কর্জের তালিকা যোগফল সহ)।
- ০৫। ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখের উদ্বৃত্তপত্রে প্রদর্শিত সকল ব্যাংক হিসাবের ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখের স্থিতি সম্পর্কিত তালিকার ব্যালেন্স সার্টিফিকেট।

✓ প্রতি,

সভাপতি/সম্পাদক

..... সমবায় সমিতি লিঃ

গ্রাম : ডাকঘর :

উপজেলা : চিলমারী, জেলা : কুড়িগ্রাম।

(কে এম মাসুদুর রহমান)
উপজেলা সমবায় অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।
মোবা: ০১৭১৪৫৯০২৯৯

স্মারক নং- - ৪৭.৬১.৪৯০৯.০০০.৩২.০০৪.১১-

তারিখঃ ১২ আষাঢ়, ১৪৩০
২৬ জুন, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো :

- ১। জেলা সমবায় অফিসার, কুড়িগ্রাম।
- ২। অফিস কপি।

উপজেলা সমবায় অফিসার
চিলমারী, কুড়িগ্রাম।